গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ,
ময়মনসিংহ।
www.dpe.mymensinghdiv.gov.bd

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ আলী রেজা, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
তারিখ : ২২/১১/২০২৩
সময় : দুপুর ১২.৩০ ঘটিকা
জুম আইডি : **5354019203**
পাসকোড : **ddm123**

বিভাগীয় উপপরিচালকের সম্মতিক্রমে জুম সভা শুরু হয়। সভার শুরুতেই বিভাগীয় উপপরিচালক সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনার জন্য জনাব মো: শফিকুল ইসলাম, শিক্ষা অফিসার, উপপরিচালকের কার্যালয়-কে নির্দেশনা দেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্টগণ সভায় স্ব-স্ব জেলা ও কার্যালয়ের কার্যক্রম তুলে ধরেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিভাগ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে করণীয় ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২৩) বিষয় সম্পর্কিত আলোচনা | বিভাগীয় প্রাথমিক শিক্ষার সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সকল অংশীজনকে যৌথভাবে কাজ করার আহ্বান জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ২০২৩-২০২৪ সংক্রান্ত আঞ্চলিক বা মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনাসহ জাতীয় শুদ্ধাচারের কৌশলের পটভূমি সভায় উপস্থাপন করা হয়। সভায় জেলা ও উপজেলা পর্যায়ে শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির বিগত সভার অগ্রগতির আলোচনা করা হয়। সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সুপারিনটেনডেন্টগণ জানান তাঁদের নিজ নিজ অধিক্ষেত্রে শুদ্ধাচার সম্পর্কিত যাবতীয় কার্যক্রম তাঁরা নির্দিষ্ট সময়সূচির মধ্যে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছেন। সভাপতি কর্মপরিকল্পনা মোতাবেক ওয়েবসাইট হালফিল, সিটিজেন চার্টারের আলোকে সেবা নিশ্চিত করা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সঠিক ব্যবহার এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ই-নথি ব্যবহারে অধিক তৎপর হতে নির্দেশনা প্রদান করেন।<br>কর্মপরিকল্পনার ১.২ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সভা করার বিষয়ে নির্দেশনা দেওয়া হয়।<br>উক্ত কর্মপরিকল্পনার ১.৫ এ কর্ম পরিবেশ উন্নয়নে স্ব-স্ব জেলার কার্যক্রম গুলোর অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিদ্যালয়ে শিশুদের স্বাস্থ্যবিধি অনুসরণ ও পরিচ্ছন্নতা নিশ্চিতের প্রতি গুরুত্বারোপ করেন। কর্মপরিকল্পনার ২নং ক্রমিকে সেবা প্রদানের ক্ষেত্রে সেবাসমূহের নামের তালিকা অন্তর্ভুক্ত করার প্রতি গুরুত্ব আরোপ করা হয়।<br>কর্মপরিকল্পনার ৩নং ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক জেলা পর্যায়ে নূন্যতম ৫টি কার্যক্রম গ্রহণ করাসহ স্ব-স্ব ওয়েভ সাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও বিভাগের ৪টি জেলার ছাত্র-ছাত্রী, শিক্ষক, অভিভাবক, এসএমসি ও কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করে শ্রেণি শিখন শেখানো কার্যাবলি, শিক্ষক, কর্মকর্তাগণের যথাসময়ে উপস্থিতি এবং বর্তমান ৩য় প্রান্তিকের মূল্যায়ন সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ের প্রত্যেক কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠায় সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও শিশুদের যথাসময়ে উপস্থিতি, সকল দপ্তরের সেবা সহজীকরণ, সিটিজেন চার্টার অনুযায়ী কার্য সম্পাদন, ওয়েবসাইট হালফিল, নিরাপত্তার নিশ্চিতকরণ ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। প্রত্যেক পর্যায়ে শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির নিয়মিত সভা করে অগ্রগতির প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | বিভাগ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত আলোচনা | বিভাগের প্রতিটি দপ্তরে শুদ্ধাচার চর্চা নিশ্চিতের জন্য নৈতিকতা কমিটি গঠন পূর্বক এর বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও প্রত্যেক প্রান্তিকে কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রম গুলো যথাসময়ে বাস্তবায়ন পূর্বক এর অগ্রগতির প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের গুরুত্বারোপ করেন। | বিভাগের প্রতিটি দপ্তরে শুদ্ধাচার চর্চা নিশ্চিতের জন্য নৈতিকতা কমিটি গঠন পূর্বক এর বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |
| ০৩ | শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রমের চর্চা সম্পর্কিত আলোচনা | সভাপতি বিভাগের প্রতিটি দপ্তর ও প্রতিষ্ঠানে নৈতিকতা ও শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে নিয়মিত বিভিন্ন সভা, সেমিনার ও প্রশিক্ষণে অন্তর্ভূক্তকরণের জন্য আহ্বান জানান। তিনি প্রত্যেক পর্যায়ে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে শুদ্ধাচার ও নৈতিকতার চর্চা অব্যাহত রাখার প্রতি আহ্বান জানান। | বিভিন্ন সভা, সেমিনার ও প্রশিক্ষণে নৈতিকতা ও শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়গুলো অন্তর্ভূক্তকরণসহ প্রত্যেক পর্যায়ে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে শুদ্ধাচার ও নৈতিকতার চর্চা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |
| ০৪ | বিবিধ | বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্টগণকে তাঁর আওতাধীন অফিস/বিদ্যালয়সমূহে শুদ্ধাচার সংক্রান্ত কর্মপরিকল্পনার আলোকে ব্যবস্থা গ্রহণ ও সকল পর্যায়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/শিশুদের শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ে অবহিতকরণ ও তা নিয়মিত চর্চার আওতায় আনার বিষয়ে গুরুত্বারোপ করেন। | কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

২০/১২/২৩

(মোহাম্মদ আলী রেজা)
বিভাগীয় উপপরিচালক
02-997710283
ddpmymen@gmail.com

স্মারক নং: ৩৮.৪৫.০০০০.০০০.৯৯.০৫৪.১৯.২১৮১

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
২। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭। সংরক্ষণ নথি।